



নির্বাচন ও সংস্কার ইস্যুতে তুরস্কের উপমন্ত্রী সঙ্গে এনসিপির বৈঠক



সংগৃহীত ছবি

তুরস্কের উপ-পররাষ্ট্রমন্ত্রী বেরিস একিনজির সঙ্গে বৈঠক করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। আলোচনায় উঠে আসে নির্বাচন, সংস্কার, দ্বিপাক্ষিক সহযোগিতা ও রোহিঙ্গা প্রত্যাবাসনের বিষয়।

বাংলাদেশের বিচারব্যবস্থা, নির্বাচন ও সংস্কার কার্যক্রম নিয়ে তুরস্কের ফরেন অ্যাফেয়ার্সের ডেপুটি মিনিষ্টার বেরিস একিনজির সঙ্গে বৈঠক করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। সোমবার (৬ অক্টোবর) সন্ধ্যা ৭টায় ঢাকাস্থ তুরস্ক দূতাবাসে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলামের নেতৃত্বে ছয় সদস্যের প্রতিনিধি দল এতে অংশ নেয়। দলের অন্যান্য সদস্যরা ছিলেন আলাউদ্দিন মোহাম্মদ, সুলতান মোহাম্মদ জাকারিয়া, মনিরা শারমিন, নীলিমা দোলা ও ড. আতিক মুজাহিদ।

বৈঠকে বাংলাদেশের অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের প্রস্তুতি, সংবিধান সংস্কারসহ প্রশাসনিক সংস্কার নিয়ে বিস্তারিত আলোচনা হয়। একই সঙ্গে তুরস্ক-বাংলাদেশ যৌথ অর্থনৈতিক কমিশন গঠন, তরুণদের জন্য এক্সচেঞ্জ প্রোগ্রাম, রোহিঙ্গা প্রত্যাবাসন এবং দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগিতা বৃদ্ধির বিষয়ে মতবিনিময় করা হয়।

নাহিদ ইসলাম তুরস্কের উপ-পররাষ্ট্রমন্ত্রীকে বাংলাদেশ সফরের জন্য ধন্যবাদ জানিয়ে দুই দেশের পারস্পরিক বন্ধুত্ব ও সহযোগিতা আরও গভীর করার আশাবাদ ব্যক্ত করেন।